দৈনিক
ইনকিলাব

তারিখ ১ 9 OCT 2002
পৃষ্ঠা ১২ কলাম ৩

# বেসরকারী শিক্ষক কর্মচারীদের অবসর ভাতা আইনের খসড়া চূড়ান্ত করায় অভিনন্দন

**প্রেস বিজ্ঞপ্তি :** প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া'র সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে বেসরকারী শিক্ষক কর্মচারীদের জন্য চাকুরী জীবন শেষে পেনশনের বিকল্প হিসেবে অবসর সুবিধা প্রদান সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয় প্রণীত আইনের খসড়া চূড়ান্তভাবে অনুমোদন দান করায় বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি, বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছীন, বাংলাদেশ শিক্ষক সমিতি, বাংলাদেশ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশন ও বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের সমন্বয়ে গঠিত শিক্ষক কর্মচারী ঐক্যজোট গভীর আনন্দ ও সন্তোষ প্রকাশ করেছে।

ঐক্যজোটের পক্ষে এক বিবৃতিতে প্রধান সমন্বয়কারী প্রফেসর এম. শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোঃ সেলিম ভূঞা, আহবায়ক মাওলানা এম এ লতিফ, যুগ্ম আহবায়ক প্রিন্সিপাল মাকছারুল হান্নান এবং মোঃ শফিকুল আলম বলেন যে, ১৯৯১ সালের নির্বাচনে বিজয়ের পর বিএনপি সরকার কর্তৃক প্রবর্তিত অবসর সুবিধা শিক্ষক নেতৃত্বের দাবীদার কতিপয় স্বার্থান্বেষী শিক্ষক নেতার ষড়যন্ত্রের কারণে বাতিল করা না হলে জাতীয় বাজেটে পৌনপুনিক ১৫ কোটি করে বরাদ্দের মাধ্যমে অবসর সুবিধা খাতে টাকার পরিমাণ আজ সুদাসলে প্রায় ১৩০ কোটিতে উন্নীত হতে পারত এবং অবসরপ্রাপ্ত হতভাগ্য বেসরকারী শিক্ষক কর্মচারীগণ ১৯৯৩ সাল হতেই এ খাতের সুবিধাভোগের অধিকারী হতে পারতেন। বিবৃতিতে বেসরকারী শিক্ষক কর্মচারীদের পক্ষ হতে দেশনেত্রী বেগম খালেদা জিয়া এবং তার মন্ত্রিসভার সদস্যসহ শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়।